# কার্গো ভিলেজ থেকে এখনও ধোঁয়া উড়ছে

- A Monitor Desk Report	Date: 19 October, 2025




**ঢাকা: হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে ভয়াবহ অগ্নিকাণ্ডের একদিন পরও ধোঁয়া বের হতে দেখা গেছে।**

শনিবার (১৮ অক্টোবর) রাত সাড়ে ৯টার দিকে আগুন নিয়ন্ত্রণে এলেও, রবিবার (১৯ অক্টোবর) দুপুরেও সেখানকার বিভিন্ন স্থানে ধোঁয়া ছড়াতে থাকে।

ফায়ার সার্ভিসের কর্মীরা এখনো কার্গো ভিলেজের দুই পাশ থেকে পানি ছিটিয়ে ধোঁয়া নিভানোর চেষ্টা করছেন।

বিমানবন্দরের সামনে মানুষের ভিড় দেখা গেছে। ধোঁয়া ছড়ানোয় স্থানীয়ভাবে হালকা আতঙ্ক ছড়ালেও বিমানবন্দরের ফ্লাইট চলাচল স্বাভাবিক রয়েছে।

দুপুরে অগ্নিকাণ্ডে ক্ষতির পরিমাণ নিরূপণে ঘটনাস্থলে প্রবেশ করেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের উপদেষ্টা। এ ছাড়া বিজিএমইএ'র একটি প্রতিনিধিদলও ক্ষয়ক্ষতি পরিদর্শনের প্রস্তুতি নিচ্ছে।

আগুন নিয়ন্ত্রণে আনতে গিয়ে আনসার বাহিনীর ২৫ সদস্যসহ মোট ৩৫ জন আহত হয়েছেন বলে জানা গেছে।

এর আগে শনিবার দুপুর আড়াইটার দিকে কার্গো ভিলেজ কমপ্লেক্স ভবনে আগুন লাগে। আগুন নিয়ন্ত্রণে ১৩টি ফায়ার স্টেশনের ৩৭টি ইউনিট ছাড়াও সেনাবাহিনী, নৌবাহিনী, বিমানবাহিনী ও বিজিবি একযোগে কাজ করে। দীর্ঘ ৭ ঘণ্টার প্রচেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে।

রাত ৯টার পরে বিমানবন্দরের কার্যক্রম স্বাভাবিকভাবে পুনরায় চালু হয়।

-B